# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৯৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৬৭]

৭/ সফরের আদব-কায়দা (كتاب آداب السفر)

পরিচ্ছেদঃ ১৬৮: সফরে চলা, বিশ্রাম নিতে অবতরণ করা, রাত কাটানো এবং সফরে ঘুমানোর আদব-কায়দা। রাতে পথচলা মুস্তাহাব, সওয়ারী পশুদের প্রতি নম্রতা প্রদর্শন করা এবং তাদের বিশ্রামের খেয়াল রাখা। যে তাদের অধিকারের ব্যাপারে ত্রুটি করে তাকে তাদের অধিকার আদায়ের নির্দেশ দেওয়া। সওয়ারী সমর্থ হলে আরোহীর নিজের পিছনে অন্য কাউকে বসানো বৈধ।

(168) بَابُ آدَابِ السَّيْرِ وَالنُّزُوْلِ وَالْمَبِيْتِ فِي السَّفَرِ وَالنَّوْمِ فِي السَّفَرِ وَاسْتِحْبَابِ السُّرٰى وَالرِّفْقِ بِالدَّوَابِّ وَمُرَاعَاةِ مَصْلَحَتِهَا وَأَمْرِ مَنْ قَصَّرَ فِيْ حَقِّهَا بِالْقِيَامِ بِحَقِّهَا وَجَوَازِ الْإِرْدَافِ عَلَى الدَّابَّةِ إِذَا كَانَتْ تُطِيْقُ ذٰلِكَ

---

আরবী

وَعَنْ أَبي جَعفَرٍ عَبدِ اللهِ بنِ جَعفَرٍ رَضِيَ اللهُ عَنهُمَا، قَالَ: أَردَفَنِي رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم ذَاتَ يَوْمٍ خَلْفَهُ، وَأسَرَّ إلَيَّ حَدِيثاً لاَ أُحَدِّثُ بِهِ أحَداً مِنَ النَّاسِ، وَكَانَ أحَبَّ مَا اسْتَتَرَ بِهِ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم لِحَاجَتِهِ هَدَفٌ أَوْ حَائِشُ نَخْلٍ . يَعنِي: حَائِطَ نَخْلٍ . رواه مسلم هكَذَا مُختصراً . وزادَ فِيهِ البَرْقَانِي بِإسنَادِ مُسلِمٍ ـ بَعدَ قَوْلِهِ: حَائِشُ نَخْلٍ ـ فَدَخَلَ حَائِطاً لِرَجُلٍ مِنَ الأنْصَارِ، فَإِذَا فِيهِ جَمَلٌ، فَلَمَّا رَأَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم جَرْجَرَ وَذَرَفَتْ عَيْنَاهُ، فَأَتَاهُ النَّبِيُّ صلى الله عليه وسلم فَمَسَحَ سَرَاتَهُ ـ أيْ: سِنَامَهُ ـ وَذِفْرَاهُ فَسَكَنَ، فَقَالَ: مَنْ رَبُّ هَذَا الجَمَلِ ؟ لِمَنْ هَذَا الجَمَلُ ؟ فَجَاءَ فَتَىً مِنَ الأنْصَارِ، فَقَالَ: هَذَا لِي يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم . قَالَ: أَفَلاَ تَتَّقِي اللهَ فِي هَذِهِ البَهِيمَةِ الَّتِي مَلَّكَكَ اللهُ إيَّاهَا ؟ فَإنَّهُ يَشْكُو إلَيَّ أنَّكَ تُجِيعُهُ وتُدْئِبُهُ رواه أَبُو داود كرواية البرقاني

বাংলা

৬/৯৭৪। আবূ জা’ফর আব্দুল্লাহ ইবনে জা’ফর রাদিয়াল্লাহু ’আনহু বলেন, ’একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম আমাকে সওয়ারীর উপর তাঁর পিছনে বসালেন এবং আমাকে তিনি একটি গোপন কথা বললেন, যা আমি কাউকে বলব না। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উঁচু জায়গা (দেওয়াল, ঢিবি ইত্যাদি) অথবা খেজুরের বাগানের আড়ালে মল-মূত্র ত্যাগ করা সবচেয়ে বেশি পছন্দ করতেন।' (ইমাম মুসলিম এটিকে সংক্ষিপ্তভাবে বর্ণনা করেছেন)

বারক্বানী এতে মুসলিমের সূত্রে বর্ধিত আকারে 'খেজুরের বাগান' শব্দের পর বলেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক আনসারীর বাগানে প্রবেশ করে সেখানে একটা উট দেখতে পেলেন। উটটা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখে ফুঁপিয়ে কাঁদতে লাগল এবং তার চোখ দিয়ে অশ্রু ঝরতে লাগল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কাছে এসে তার কুঁজে এবং কানের পিছনের অংশে হাত ফিরালেন, ফলে সে শান্ত হল।

তারপর তিনি বললেন, ''এই উটের মালিক কে? এই উটটা কার?'' অতঃপর আনসারদের এক যুবক এসে বলল, 'এটা আমার হে আল্লাহর রাসূল!' তিনি বললেন, ''তুমি কি এই পশুটার ব্যাপারে আল্লাহকে ভয় করো না, আল্লাহ তোমাকে যার মালিক বানিয়েছেন? কারণ, সে আমার নিকট অভিযোগ করছে যে, তুমি তাকে ক্ষুধায় রাখ এবং (বেশি কাজ নিয়ে) ক্লান্ত করে ফেলো!'' (আবু দাঊদ)[1]

## English

(168) Chapter: Etiquette of Staying, Riding, Encamping at night and sleeping during the Journey and other matters relating to the Journey

Abu Ja'far 'Abdullah bin Ja'far (May Allah be pleased with them) reported: The Messenger of Allah (ﷺ) made me ride behind him one day and confided something to me which I shall never disclose to anyone. ('Abdullah added:) He ((ﷺ) preferred to screen himself from others when responding to the call of nature, either behind a wall or the trunk of a date-palm.

[Muslim].

Al-Barqani added: The Messenger of Allah (ﷺ) entered an orchid belonging to an Ansari and saw there a camel. When it saw him, it began to groan and its eyes shed tears. The Messenger of Allah (ﷺ) approached it and patted it on the hump and the base of its head until it quieted down. Then he (ﷺ) asked, "Who is the owner of this camel? To whom does it belong?" An Ansari youth stepped forward and said: "It is mine O Messenger of Allah!" He said, "Do you not fear Allah in respect of this beast which Allah has placed in your possession? This camel is complaining to me that you starve it and put it to toil."

[Abu Dawud].

Commentary: The Prophet (PBUH) must have divulged to the Companion something confidential for which he promised secrecy. Otherwise, anything concerning the Shari`ah should not be concealed. Second, if an animal has the capacity to carry two men, the rider can let another person sit behind him. Third, to give scanty food to an animal and to get the maximum out of it amounts to injustice. Islam disapproves this act. Animals should be fed to their fill and the amount of work to be done by them must also be not beyond their capacity. In this Hadith, there is a mention of the Prophet's miracle that a camel recognized him. He heard the camel's complaint and also understood it.

## ফুটনোট

[1] মুসলিম ৩৪২, ২৪২৯, আবূ দাউদ ২৫৪৯, ইবনু মাজাহ ২৪০, আহমাদ ১৭৪৭, দারেমী ৬৬৩, ৭৫৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জা'ফার (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=24007

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন